



রামিসা হত্যা মামলার ডেথ রেফারেন্সের নথি যাচ্ছে হাইকোর্টে



ছবি: সংগৃহীত

রাজধানীর পল্লবীতে শিশু রামিসা ধর্ষণ ও হত্যা মামলায় দেওয়া মৃত্যুদণ্ডের রায়ের পূর্ণাঙ্গ কপি প্রস্তুতের কাজ শেষ পর্যায়ে রয়েছে। বিচারকের স্বাক্ষর সম্পন্ন হলে আজ মঙ্গলবার (৯ জুন) মামলার ডেথ রেফারেন্স সংক্রান্ত নথি হাইকোর্টে পাঠানো হবে বলে জানা গেছে।

এর আগে রোববার ঢাকার মহানগর শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মাসরুর সালেকীন আলোচিত এ মামলার রায় ঘোষণা করেন। রায়ের প্রধান আসামি সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না আক্তারকে মৃত্যুদণ্ড দেন আদালত। রায়ের পরদিন তাদের কনডেম সেলে স্থানান্তর করা হয়।

মামলাটির বিচার কার্যক্রম দ্রুতগতিতে সম্পন্ন হয়েছে। গত ১ জুন আদালত দুই আসামির বিরুদ্ধে অভিযোগ গঠন করে বিচার শুরু নির্দেশ দেন। পরদিন ২ জুন সাক্ষ্যগ্রহণ শুরু হয় এবং মামলার ১৮ সাক্ষীর মধ্যে ১৬ জনের সাক্ষ্য একই দিনে গ্রহণ করা হয়।

এ ছাড়া ৩ জুন আসামিপক্ষের আত্মপক্ষ সমর্থনের শুনানি অনুষ্ঠিত হয়। পরে রাষ্ট্রপক্ষ ও আসামিপক্ষের যুক্তিতর্ক উপস্থাপন শেষে আদালত রায়ের দিন নির্ধারণ করেন। মাত্র চার কার্যদিবসের মধ্যেই বহুল আলোচিত এ মামলার বিচারিক কার্যক্রম শেষ হয়।